REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২১শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা পৌষ বুধবার ১৩৪১ ইংরাজী 19th December 1934 | ২৯শ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

এই জনগন জাগরনকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪০ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্টপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ড-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷০, ছোট ১৮০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত রোগে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



স্বাস্থ্য ও শক্তি অর্জ্জন করিতে সুরবল্লী কষায় সেবন করিতে আরম্ভ করুন। সকল বয়সে সকল ঋতুতে ব্যবহার করা যায়।

সেবনে কোন হাঙ্গামা নাই। ৫০ বৎসর পরীক্ষিত।

## সুরবল্লী কষায়

ভারতবাসীর পক্ষে সর্ব্বোৎকৃষ্ট সালসা

পারদ ও রক্তদুষ্টির মহৌষধ

সি, কে, সেন এণ্ড কোং লিঃ

২৯নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা

টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।

মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩রা পৌষ বুধবার সন ১৩৪১ সাল।

## শোক সংবাদ।

আমরা অতীব দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে, আমাদের জঙ্গিপুরের অন্যতম প্রবীণ উকীল বাবু সুরেশ-চন্দ্র মিত্র মহাশয় আর ইহ জগতে নাই। যখন অকস্মাৎ এই দুঃসংবাদ আমাদের নিকট আসিল আমরাও কোন মতে বিশ্বাস করিতে পারি নাই। দুই দিন আগে যাঁহাকে সুস্থ শরীরে কাজ কর্ম্ম করিতে দেখিয়াছি, আজ হঠাৎ তাঁহার মৃত্যু সংবাদে স্তম্ভিত হইলাম। সুরেশ বাবুর বয়স হইলেও মরবার বয়স তাঁর হয়নি। বিশেষতঃ তাঁর স্বাস্থ্য, উদ্যম ও কর্ম্মশক্তি দেখিলে কেহই ভাবিতে পারিতেন না যে, এত শীঘ্র তাঁর কাল পূর্ণ হইবে। যখন তিনি রাস্তা দিয়া চলিতেন, দেখিলে মনে হইত যে এই রোগ শোকগ্রস্ত দেশেও এমন বয়সেও একজন পুরুষের মত পুরুষ আছেন। ব্যূঢ়োরস্কঃ বৃষস্কন্ধ শালপ্রাংশুর্ম্মহাভুজঃ আত্ম-কর্ম্মক্ষমঃ ইত্যাদি বিশেষণ তাঁর প্রতি প্রয়োগ করিলেও অত্যুক্তি করা হয় না। তাঁর অদ্ভুত কর্ম্মশক্তি দেখিলে সকলেই মুগ্ধ হইতেন। কাছারীতে মক্কেলের কার্য্যাদি করিয়া সকালে বৈকালে স্বহস্তে রোপিত বাগানের বৃক্ষাদির পরিচর্য্যা করিতেন, কখনও কখনও ৩।৪ ক্রোশ দূরে অবস্থিত নিজের ধান্য ক্ষেত্রে পদব্রজে গিয়া ধান্য রোপণ ও ধান্য কর্ত্তনাদির তত্ত্বধান করিতেন। তাঁহার চারি পুত্র ও দুই কন্যা বর্ত্তমান। জ্যেষ্ঠ ফণী বাবু জঙ্গিপুর ফৌজদারী আদালতে মোক্তারী করেন, মধ্যম বিজলী বাবু স্থানীয় কো-অপারেটীভ ব্যাঙ্কের সুপারভাইজার, তৃতীয় বিনয় বাবু ই, আর, রেলে সহকারী ষ্টেশন মাষ্টার, কনিষ্ঠ বিজয়ভূষণ ম্যাট্রিকুলেশন পাশ করিয়া কর্ম্মের চেষ্টায় আছেন। সুরেশ বাবুর সহধর্ম্মিনী একজন আদর্শ-গৃহিনী। তাঁর গুণের কথা একমুখে বলা যায় না। এই যুগে এই সভ্যতার যুগেও তিনি স্বামীপুত্রকে কখনও উড়ে মেড়োর হাতের রান্না খাইতে দেন নাই। মাঘ মাসের হাড়ভাঙ্গা শীতেও এই প্রৌঢ়া ভদ্র মহিলা অতি প্রত্যুষে গঙ্গাস্নান করিয়া প্রত্যহ হাসিমুখে স্কুল কাছারীর সময়ে পতিপুত্রের আহার্য্য প্রস্তুত করিয়া দিতে একদিনও অপারগ হন নাই।

এহেন সুখের সংসারটী আজ গৃহকর্ত্তার অপ্রত্যাশিত মহাপ্রয়াণে শোকে মুহ্যমান। আমরাও বাস্তবিকই এক-জন দরদী মুরুব্বি হারাইলাম। আমরাও সুরেশ বাবুর স্বজনগণের সহিত সমবেদনা প্রকাশ করিতেছি। ভগবান পরলোকগত আত্মার শান্তি ও শোকার্ত্ত পরিবারবর্গের সান্ত্বনা বিধান করুন।

---

## আজিমগঞ্জে রাহাজানি।

### পথিক আহত ও সর্ব্বস্ব লুণ্ঠিত।

গত ৬ই ডিসেম্বর সন্ধ্যার কিছু পরে জিয়াগঞ্জ পুরাতন পোষ্ট আপিস ঘাটের পরপারে বালির চরের উপর এক ব্যক্তিকে মারাত্মকভাবে জখম করিয়া তাহার টাকা কড়ি ছিনাইয়া লওয়ার এক সংবাদ পাওয়া গিয়াছে। এইরূপ প্রকাশ যে, লোকটী উক্ত ঘাটে পার হইয়া আজিমগঞ্জ সিটি ষ্টেশনে যাইবার পথে ষ্টেশন ও পারঘাটের মাঝামাঝি স্থানে আক্রান্ত হয় এবং তাহার শরীরে অস্ত্র দ্বারা আঘাত করিয়া কে বা কাহারা তাহার নিকট হইতে টাকাকড়ি লইয়া পলায়ন করে। ঘটনা স্থানটী উক্ত ষ্টেশন হইতে মাত্র ২।৩ রশির মধ্যেই অবস্থিত। আহত লোকটীকে হাসপাতালে রাখা হইয়াছে এবং পুলিশ তদন্ত চলিতেছে।

---

## ভগবানগোলা শ্রীগৌরাঙ্গ সেবক সমিতি।

শ্রীরামচন্দ্র কবিরাজ ঠাকুর ও পদকর্ত্তা শ্রীগোবিন্দ দাস ঠাকুরের লীলাভূমি শ্রীপাট বুধুরি ভগবানগোলার গৌরব লুপ্ত হইতেছিল। বঙ্গের খ্যাতনামা বৈষ্ণব সাধক শ্রীরামদাস বাবাজী মহাশয়ের চেষ্টায় উহার পুনরুদ্ধার হইয়াছে। গত কার্ত্তিকী কৃষ্ণা অষ্টমী তিথিতে রামচন্দ্রের তিরোভাব মহোৎসবে দশসহস্রাধিক নর-নারী যোগদান করে। বাবাজী মহাশয়ের কীর্ত্তন, শ্রীরাখালানন্দ শাস্ত্রী ঠাকুরের কথকতা প্রভৃতি সকলকে মোহিত করিয়াছিল। এই মহৎ কাজের অনুপ্রেরণায় ও মুর্শিদাবাদ জেলাবোর্ডের চেয়ারম্যান রায় বাহাদুর সুরেন্দ্রনারায়ণ সিংহের পৃষ্ঠ-পোষকতায় ভগবানগোলা শ্রীগৌরাঙ্গ সেবক সমিতি স্থাপনের পরিকল্পনা হইয়াছে। ডাঃ এস এন দাস, ডাঃ বিজনবিহারী মৈত্র, বি, এ, শ্রীবাসুদেব বাবাজী, শ্রীযামিনীরঞ্জন কবিরাজ ঠাকুর ( রামচন্দ্রের বংশধর ) ও শ্রীবিনয়কুমার চৌধুরীকে লইয়া অস্থায়ী কমিটি হইয়াছে। মাসিক ও বার্ষিক অধিবেশন, শ্রীরামচন্দ্র বিদ্যালয় পরিচালন, শ্রীগোবিন্দ গ্রন্থমন্দির সংস্কার, শব সৎকার, সেবাসমিতি প্রভৃতি কার্য্য সূচী আছে।

---

## সম্রাটের জুবিলির ছুটি।

ভারত-সম্রাটের রজত জুবিলী উৎসব উপলক্ষে ৬ই মে ভারতের সর্ব্বত্র ছুটির দিবসরূপে পালিত হইবে। এই তারিখ ছাড়া, ৬ই মে হইতে ১৮ই মে তারিখের মধ্যে স্থানীয় গবর্নমেণ্ট সুবিধামত যে কোন তারিখ ছুটির দিন বলিয়া বিজ্ঞাপিত করিতে পারিবেন।

---

## আকাশপথে ঢাকায়।

ইণ্ডিয়ান ন্যাশনেল এয়ার ওয়েজ লিমিটেড জানাইতে-ছেন যে, ঢাকা এবং নারায়ণগঞ্জ অঞ্চল হইতে বড়দিনের সময় যাঁহারা বিমান যোগে কলিকাতা আসিতে ইচ্ছা করেন, তাঁহাদের জন্য যাতায়াতের ভাড়া হ্রাস করিয়া ৭৫৲ টাকা করা হইয়াছে। ২১শে ডিসেম্বর হইতে ২রা জানুয়ারী পর্য্যন্ত এই সুবিধা দেওয়া হইবে।

---

## বিমান দুর্ঘটনা।

বঙ্গদেশের এসিষ্ট্যাণ্ট সার্ভেয়ার জেনারল মেজর মীড বেঙ্গল ফ্লাইং ক্লাবের সদস্য। সোমবার অপরাহ্নে তিনি দমদমে একাকী একখানি বিমানে চড়িয়া তাহা চালনা করিতেছিলেন। অকস্মাৎ বিমানখানি প্রবলবেগে ভূপতিত হয়। দমদম বিমানশালার লোক তাহা দেখিতে পাইয়া দ্রুত সেদিকে যায়। কলিকাতা হইতে প্রায় ৬ মাইল দূরে বিরাটি ষ্টেশনের নিকট যাইয়া তাহারা দেখিতে পায় যে, বিমানখানির কিয়দংশ ভূপ্রোথিত হইয়া গিয়াছে এবং মেজর মীডের একটি হাত দেখা যাইতেছে। মাটি খুঁড়িয়া মেজর মীডকে মৃতাবস্থায় বাহির করা হয়। যে সময় এই দুর্ঘটনা ঘটে, সে সময় মেজর মীডের পত্নী বিমানশালায় বসিয়াছিলেন।

---

## আগামী আইন পরীক্ষা।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আইন পরীক্ষা আগামী ৯ই জানুয়ারী আরম্ভ হইবার কথা ছিল। পরে স্থির হইয়াছে যে, উহা ১১ই জানুয়ারী আরম্ভ হইবে।

---

## কয়েদীর অদ্ভুত ফন্দী।

### ডাক্তারের পোষাক পরিয়া পলায়ন।

প্রকাশ যে, পাবনা জেল হইতে একটি কয়েদী পলায়ন করিয়াছে। তাহাকে জেলের ডাক্তারের বাসায় কাজ করিতে দেওয়া হইয়াছিল। সুযোগ পাইয়া সে জেলের ডাক্তারের পোষাক পরিয়া চম্পট দিয়াছে। তাহাকে ধরিবার জন্য জোর তদন্ত চলিতেছে।

---

## কাশ্মীরে দুর্নীতি দমন।

কাশ্মীর ব্যবস্থাপক সভার বিগত অধিবেশনে যে পতিতাবৃত্তি দমন আইন পাশ হইয়াছে—মহারাজা তাহা অনুমোদন করিয়াছেন। পতিতালয় হইতে যে সকল পতিতা সদ্ভাবে জীবন যাপনে উৎসুক হইবে, তাহাদের জন্য জম্মুতে একটি এবং শ্রীনগরে একটি আশ্রম স্থাপিত হইবে।

---

## যশোহরে টেকনিক্যাল স্কুল।

যশোহরের জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ এন, কে, সেন গত ২৬শে নভেম্বর যশোহর টেক্‌নিক্যাল এণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল স্কুলের উদ্বোধন উৎসব সম্পন্ন করেন। এই উপলক্ষে সহরের অনেক গণ্যমান্য লোক উপস্থিত ছিলেন।

---

## দণ্ড বাহাল।

কুলবধূ সাবিত্রীরাণীর প্রতি তাহার শাশুড়ী ও দেবরের অত্যাচারের মামলার বিষয় পাঠকগণের নিশ্চয়ই স্মরণ আছে। আসামীদ্বয় দণ্ডিত হইয়া দণ্ডাদেশকাল হ্রাসের জন্য হাইকোর্টে আপীল করিয়াছিল। হাইকোর্টের বিচারপতিরা সেই প্রার্থনা না মঞ্জুর করিয়াছেন। তাহা-দিগের অপরাধের গুরুত্ব বিবেচনায় দেশের লোক যে হাইকোর্টের এই আদেশে সন্তোষলাভ করিবে, তাহাতে সন্দেহ নাই।

---

## ভারতের নারিকেল।

ভারতে কি নারিকেলের অভাব আছে? মাদ্রাজের ও বাঙ্গালার কতিপয় স্থানের অবস্থা দেখিয়া কেহই তাহা মনে করিতে পারিবে না। কিন্তু সংবাদপত্রের রিপোর্টে দেখা যায়,—গত নবেম্বর মাসের প্রথম সপ্তাহে সিংহল হইতে ৪৩ হাজার ৭ শত হন্দর নারিকেল বিদেশে রপ্তানি হইয়াছে এবং তাহার মধ্যে ভারতে আসিয়াছে ২৭ হাজার ২ শত ৯০ হন্দর। কাজেই ভারতে যে পরিমাণ নারিকেলের চাহিদা আছে, ভারতে সে পরিমাণ নারিকেল উৎপন্ন হয় না, ইহাই বুঝিতে হয়। বাঙ্গালায় নারিকেল প্রচুর উৎপন্ন হয় এবং পূর্ব্ববঙ্গে ইহা নিত্য ব্যবহার্য্য সামগ্রী। ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলে নারিকেল দুষ্প্রাপ্য বলিয়া উহার তেমন চলন নাই; কিন্তু আদর আছে। এরূপ অবস্থায় বিদেশ হইতে যে নারিকেল চালান আসিবে ইহা বিস্ময়ের বিষয় নহে। কিন্তু এদেশে নারিকেলের আবাদ বৃদ্ধির ব্যবস্থা করিলে কি বিদেশ হইতে আমদানি করা অপেক্ষা সুলভ হয় না? বাঙ্গালায় বহু জমি অনাবাদি পড়িয়া আছে। সেই সব জমিতে নারিকেল হয় কিনা, পরীক্ষা করিয়া দেখিলে হয় না?

---

## ভারত শাসন সংস্কার বিষয়ে শ্বেতপত্রের প্রস্তাব সমূহ সম্পর্কে পার্লামেন্টের জয়েণ্ট সিলেক্ট কমিটির রিপোর্টের সারাংশ।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

কমিটির দৃঢ় মত এই যে প্রাদেশিক স্বায়ত্তশাসনের প্রবর্ত্তন করিতে হইলে কেন্দ্রীয় গভর্ণমেণ্টেরও অদল বদল আবশ্যক। কমিটির মতে কেন্দ্রীয় ব্যবস্থাপক সভা




ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কসের

## চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া ও সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ
নূতন জ্বর ১ দিনে, পুরাতন জ্বর ৩ দিনে আরোগ্য হয়।

**বিশেষ দ্রষ্টব্যঃ**—চাদ মার্কা পাঁচনের জাল ধরা পড়ায় উহার প্রতিকারার্থ শিশির প্যাকিংএর কিছু পরিবর্ত্তন করা হইয়াছে। পূর্ব্বে কেবলমাত্র সাদা কাগজে নিয়মাবলী দেওয়া হইত এখন প্রত্যেক শিশির গায়ে হলুদ বর্ণের কাগজে পাচন প্রস্তুতের বিবরণ ছবি সমেত ও ব্যবহার বিধি এবং আমাদের কুইনাইন ট্যাবলেট, রেডিয়ম স্নো প্রভৃতির বিবরণ ছাপিয়া পুস্তকাকারে দেওয়া হইয়াছে। গ্রাহকগণ এখন হইতে বর্ত্তমান প্যাকিং দেখিয়া মাল গ্রহণ করিলে নিরাপদ হইবেন এবং খাঁটি জিনিষ পাইবেন।

সোল এজেন্টস ঃ—
**বসাক ফ্যাক্টরী**—৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।



## বেঙ্গল কেমিক্যাল ও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
**কণ্টিক**
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।






## সার্জ্জারী জগতে যুগান্তর!

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

**দামোদর সুধা**

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

**ফেরোকল**—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১।০ উক্ত ঔষধ সমূহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

**সোল প্রোঃ ডাঃ বিরায় এণ্ড কোং, কেমিষ্টস**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

এজেন্টস—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪১ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে



১৮২৭ সালে আবিষ্কৃত

## ধবল বা শ্বেতি (শ্বেতকুষ্ঠ)

রোগের অব্যর্থ মহৌষধ ব্যবহার করিয়া অসংখ্য রোগী আরোগ্য লাভ করিয়াছে, কেহই নিষ্ফল হয় নাই। যে অঙ্গে যত দিনেরই রোগ হউক সপ্তাহে লাল হইয়া ক্রমে নির্দ্দোষ স্থায়ী আরোগ্য হয়, পুনরাক্রমণের কোন আশঙ্কা থাকে না। ঔষধে কোন দুর্গন্ধ বা বিষাক্ত পদার্থ নাই। মূল্য তৈল ও চূর্ণ ২।০ টাকা।

**বসু এণ্ড সন্স**
১০।১এ, বকুলবাগান ১ম লেন, ভবানীপুর, কলিকাতা।



## সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনস্থকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *

লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲



## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৴০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবি উল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ)
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)



## কলোনিয়াল কুইনাইন কোম্পানীর

"সি, কিউ, সি" কুইনাইন ট্যাবলেট

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব। বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন।

সোল ডিষ্ট্রীবিউটার—বসাক ফ্যাক্টরী ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।